

“ বিজ্ঞপ্তি ”

দি কাস্টমস্ এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা-২০১৬ এর বিধি- ৯ এর বিধান মোতাবেক কাস্টম হাউস, ঢাকা'র আওতাধীন এয়ার ফ্রাইট ইউনিট এর যে সমস্ত কাস্টমস্ এজেন্টস লাইসেন্স এর মেয়াদ আগামী-৩১/১২/২০১৭ ইং তারিখে উত্তীর্ণ হবে, তা পরবর্তী ০৫ (পাঁচ) বছর (২০১৮-২০২২) মেয়াদে নবায়নের লক্ষ্যে ২৮/০৯/২০১৭ হতে ২৮/১০/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টম হাউস, ঢাকা'র বরাবরে আবেদনপত্র দাখিল করার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সিকে অনুরোধ জানানো হলো।

০২। নির্ধারিত তারিখের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদনপত্র না পাওয়া গেলে বা অসম্পূর্ণ কাগজপত্র দাখিলের কারণে নবায়ন সম্ভব না হলে- ৩১/১২/২০১৭ ইং তারিখ হতে মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা সম্ভব হবে না। On Line System এ মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স এর AIN No সমূহ স্বয়ংক্রিয়ভাবে Lock হয়ে যাবে। বর্ষিতাবস্থায়, মেয়াদ উত্তীর্ণের পূর্বেই জটিলতা এড়ানোর লক্ষ্যে লাইসেন্স নবায়ন কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে ৩১/১২/২০১৭ ইং তারিখের মধ্যে যে, সকল কাস্টম সরকারদের পারমিট এর মেয়াদ শেষ হবে, তাদের পারমিটসমূহ পরবর্তী মেয়াদে নবায়নের লক্ষ্যে ২৮/০৯/২০১৭ হতে ২৮/১০/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করার জন্যও পরামর্শ প্রদান করা হলো।

আবেদনের সাথে নিম্নলিখিত দলিলাদি দাখিল করতে হবে :

- ০১। ১০/- (দশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সম্বলিত লেটার হেড প্যাডে লাইসেন্স নবায়নের আবেদনপত্র, যা (প্রযোজ্য ক্ষেত্রে) মূল মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;
- ০২। মূল লাইসেন্স/ লাইসেন্স বুকলেট;
- ০৩। নবায়ন ফি বাবদ- ১০,০০০/- (দশ হাজার) টাকা (ট্রেজারী চালান টি আর -৬, যার কোড-১-১১৩১-০০০৫-১৮৫৪ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- ০৪। লাইসেন্স নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট এর টাকা (ট্রেজারী চালান টি আর -৬, যার কোড-১-১১৩৩-০০১৫-০৩১১ এর মাধ্যমে) সরকারী কোষাগারে জমাপূর্বক এর মূল কপি;
- ০৫। ট্রেড লাইসেন্স (হালনাগাদ নবায়িত) এর সত্যায়িত ফটোকপি;
- ০৬। আয়কর নির্ধারণী সনদ (TIN Certificate) ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদ এর সত্যায়িত ফটোকপি;
- ০৭। হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদপত্র (সনদ প্রদানকারী ব্যাংক কর্মকর্তার পিএ নম্বর ও টেলিফোন নম্বরসহ);
- ০৮। বিগত মেয়াদের (২০১৪-২০১৭ পর্যন্ত) কার্য সম্পাদনের বিবরণী;
- ০৯। হালনাগাদ কাস্টম সরকার তালিকা;
- ১০। হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে ১৫% ভ্যাট পরিশোধের চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ১১। সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত হালনাগাদ মেম্বারশীপ সনদ;
- ১২। ভ্যাট রেজিস্ট্রেশন (অন লাইন ভ্যাট রেজিস্ট্রেশন) এর সত্যায়িত ফটোকপি;

স্বাঃ
মুহাঃ মাহবুবুর রহমান
যুগ্ম কমিশনার

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ।
তারিখ :-

নথি নং-৫(২০) ১১/ কাস- এজেন্ট/৮৭/

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ০১। যুগ্ম/ অতিঃ কমিশনার-১/ ২, কাস্টম হাউস, ঢাকা।
- ০২। ডেপুটি/ সহকারী কমিশনার, (সকল)/প্রিভেন্টিভ/ অপারেশন/এয়ার ফ্রাইট/ কুরিয়ার ইউনিট, কাস্টম হাউস, ঢাকা।
- ০৩। ই ডি পি ম্যানেজার, কাস্টম হাউস, ঢাকা (বিজ্ঞপ্তিটি কাস্টম হাউস, ঢাকা'র ওয়েব সাইট-এ প্রদর্শন করা জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। প্রশাসনিক কর্মকর্তা/ ট্রেজারী অফিসার, কাস্টম হাউস, ঢাকা।
- ০৫। ম্যানেজার, বিমান কার্গো কমপ্লেক্স, কুর্মিটোলা, ঢাকা।
- ০৬। সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন, ৩/ সি, নিউ বেইলি রোড, ঢাকা। সংশ্লিষ্ট সকল সিএন্ডএফ এজেন্টগণ যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রযোজ্য দলিলাদিসহ লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করেন, সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম/ ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো (অনলাইন ভ্যাট রেজিস্ট্রেশন সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)।

অনুলিপি সদয় অবগতির জন্য :-

- ০১। পি এ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) কাস্টম হাউস, ঢাকা।
- ০২। কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর/ পানগাঁও, ঢাকা/ চট্টগ্রাম/ মংলা, খুলনা/ বেনাপোল, যশোর।
- ০৩। কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ০৪। কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (উত্তর)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)।